

M.A. PART-II EXAMINATION : 2021 (CDOE) B.U.

বিষয় : বাংলা

অষ্টম পত্র

বিশেষ পত্র : মধ্যযুগের বাংলা সাহিত্য

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক। যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিন।

(প্রতিটি অর্ধের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার করুন)

প্রথম অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

প্রশ্নমান : ১০×২=২০

- ক) 'লোরচন্দ্রাণী' কাব্যকে মৌলিক রচনা বলা যায় কিনা আপনার মতামত দিন।
খ) মধ্যযুগের কাব্যধারায় 'লোরচন্দ্রাণী' ব্যতিক্রমী কাব্য -- পক্ষে বা বিপক্ষে মত প্রতিষ্ঠা করুন।
গ) বৈষ্ণব সাহিত্যে 'ভক্তিরত্নাকর' গ্রন্থের গুরুত্ব ও অবস্থান নির্ণয় করুন।
ঘ) পুথি সংরক্ষণের গুরুত্ব ও পদ্ধতিগুলি সম্পর্কে আলোচনা করুন।

অষ্টম পত্র (বিশেষ পত্র : মধ্যযুগের বাংলা সাহিত্য) প্রথম অর্ধের উত্তর ফ্রন্ট পেজ ছাড়া ৫ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

দ্বিতীয় অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

প্রশ্নমান : ১০×২=২০

- ক) চর্যাপদে বৌদ্ধ বিশ্বাস ও সংস্কৃতির অবশেষ 'ধর্মমঙ্গল' কাব্যে আছে কিনা যুক্তিসহ মতামত দিন।
খ) প্রাক্-চৈতন্যযুগে বৈষ্ণবীয় চেতনার স্বাতন্ত্র্য স্পষ্ট করুন।
গ) শাক্ত সাধনা ও সংস্কৃতির বিস্তার অষ্টাদশ শতাব্দীতে ; তার স্বরূপ ও কারণ নির্ণয় করুন।
ঘ) বর্গী-আক্রমণ বঙ্গের সমাজ ও সাহিত্যে কী প্রভাব ফেলেছে -- এ বিষয়ে আলোকপাত করুন।

অষ্টম পত্র (বিশেষ পত্র : মধ্যযুগের বাংলা সাহিত্য) দ্বিতীয় অর্ধের উত্তর ফ্রন্ট পেজ ছাড়া ৫ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

বিশেষ পত্র : কথাসাহিত্য

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক। যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিন।

(প্রতিটি অর্ধের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার করুন)

প্রথম অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

প্রশ্নমান : ১০×২=২০

- ক) “আশাপূর্ণা দেবীর আগে, পুরুষ লেখক তো দূরস্থান, কোনো স্ত্রী-উপন্যাসিকের ভাষাতেও মধ্যবিত্তের অন্তঃপুরের বাস্তবতার ভাষিক-উন্মোচন হয়নি সেভাবে” -- ‘প্রথম প্রতিশ্রুতি’ উপন্যাসের ভাষা বিচার করে মন্তব্যটি যথার্থ কিনা আলোচনা করুন।
- খ) পত্রোপন্যাসের বৈশিষ্ট্য আলোচনা করে ‘শেষ নমস্কার, শ্রীচরণেযু মাকে’ উপন্যাসটিকে সার্থক পত্রোপন্যাস বলা যায় কিনা বিচার করুন।
- গ) ‘টানাপোড়েন’ উপন্যাসে আঞ্চলিক স্বভাব বৈশিষ্ট্য চিত্রায়ণে সমরেশ বসুর কৃতিত্ব আলোচনা করুন।
- ঘ) “সত্যবতীর স্বপ্ন আর সত্য মিলে ‘প্রথম প্রতিশ্রুতি’-র কাহিনী আমাদের পিতামহী-প্রপিতামহীদের যন্ত্রণার্ত দিনলিপি”-- মন্তব্যটির যথার্থ্য নিরূপণ করুন।

অষ্টম পত্র (বিশেষ পত্র : কথাসাহিত্য) প্রথম অর্ধের উত্তর ফ্রন্ট পেজ ছাড়া ৫ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

দ্বিতীয় অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

প্রশ্নমান : ১০×২=২০

- ক) ‘পাঁচ ছেলের গল্প’-এ প্রাচীন ভারতীয় কথকতার আদলটি কীভাবে রক্ষিত হয়েছে তা বিশ্লেষণ করুন।
- খ) নাগরিক মধ্যবিত্তের দায়বদ্ধতাহীন জীবনকে প্রেমেন্দ্র মিত্র ‘তেলেনাপোতা আবিষ্কার’ গল্পে কীভাবে কশাঘাত করেছেন গল্প বিশ্লেষণ করে তা লিখুন।
- গ) ‘পরশপাথর’ গল্পে পরশুরাম হাস্যরস সৃষ্টির পাশাপাশি বিশ্ব-অর্থনীতির শেকড়ের দিকটিও ব্যঙ্গের বিষয় করে তুলেছেন -- গল্প আলোচনা করে বিষয়টি স্পষ্ট করুন।
- ঘ) ‘বিরিঞ্চিবাবা’ গল্পে বাবাজির ভণ্ডামি প্রকাশিত হওয়ার পরও লেখক তাকে বড়ো কোনো শাস্তি না দিয়ে বিদায় দিয়েছেন -- গল্প আলোচনা করে লেখকের এই জাতীয় সমাপ্তি রচনার কারণ ব্যাখ্যা করুন।

অষ্টম পত্র (বিশেষ পত্র : কথাসাহিত্য) দ্বিতীয় অর্ধের উত্তর ফ্রন্ট পেজ ছাড়া ৫ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

বিশেষ পত্র : নাটক

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক। যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিন।

(প্রতিটি অর্ধের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার করুন)

প্রথম অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

প্রশ্নমান : ১০×২=২০

- ক) 'আলমগীর' নাটকটি ঐতিহাসিক নাটক হিসেবে কতদূর সার্থক আলোচনা করুন।
খ) 'মুক্তধারা' নাটকের গানগুলির নাট্যোপযোগিতা বিচার করুন।
গ) 'সিরাজদৌল্লা' নাটকের প্লট-গঠন সম্পর্কে আলোচনা করুন।
ঘ) 'সিরাজদৌল্লা' নাটক ট্রাজেডি হিসেবে সার্থক কিনা বিচার করুন।

অষ্টম পত্র (বিশেষ পত্র : নাটক) প্রথম অর্ধের উত্তর ফ্রন্ট পেজ ছাড়া ৫ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

দ্বিতীয় অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

প্রশ্নমান : ১০×২=২০

- ক) 'নবান্ন' নাটক একটি বিশেষ সময়-পর্বের আর্থ-সামাজিক ও রাজনৈতিক ইতিহাসের দলিল -- আলোচনা করুন।
খ) 'চাঁদবণিকের পালা' নাটকের নামকরণে 'পালা' শব্দটি যুক্ত হওয়ার তাৎপর্য কী -- বুঝিয়ে দিন।
গ) 'চাঁদবণিকের পালা' নাটক 'মনসামঙ্গল কাব্য'-র নবরূপায়ণ -- মন্তব্যটির যথার্থ্য বিচার করুন।
ঘ) 'এক সন্ধ্যায়' নাটক একাঙ্ক নাটক হিসেবে সার্থক কিনা আলোচনা করুন।

অষ্টম পত্র (বিশেষ পত্র : নাটক) দ্বিতীয় অর্ধের উত্তর ফ্রন্ট পেজ ছাড়া ৫ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।